# Bangladesh Institute of Social Research-BISR

**Hasina De-Palace**, Appt. # B/6, House # 6/14, Block # A, Lalmatia, Dhaka-1207, Bangladesh

Tel: +88-02-8100658, Fax: +88-02-8100636, e-mail: info@bisrbd.org, khurshed@bisrbd.org, Web: www.bisrbd.org


তারিখ: সেপ্টেম্বর ৩০, ২০১৩ ইং

বরাবর,
জনাব মোঃ আবুল হোসেন
যুগ্ম সচিব
তথ্য মন্ত্রণালয় (সম্প্রচার)
সেক্রেটারিয়েট ভবন-০৬, বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ।

বিষয়ঃ তথ্য সম্প্রচার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি জেনে খুশি হবেন যে, বাংলাদেশ ইনষ্টিটিউট অব সোস্যাল রিসার্চ (বিআইএসআর) সুদীর্ঘ ১২ বছর যাবত বিভিন্ন গবেষণামুলক কাজ বিশেষ করে আর্থ-সামাজিক ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে কাজ করে আসছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ সরকারের তথ্য সম্প্রচার নীতিমালার সমৃদ্ধকরণে কিছু সুনির্দিষ্ট সুপারিশ তৈরী করেছে, যা আপনার সুবিবেচনার জন্য প্রেরণ করা হল।

আশা করি, উক্ত সুপারিশ/ মন্তব্যসমূহ একটি যুগোপযোগী তথ্য সম্প্রচার নীতিমালা প্রনয়নে সহায়তা করবে।

ভবিষ্যতে আরো সহযোগীতা প্রত্যাশায়।

শ্রদ্ধান্তে,

ড. এম. খুরশিদ আলম
প্রধান নির্বাহী
বাংলাদেশ ইনষ্টিটিউট অব সোস্যাল রিসার্চ (বিআইএসআর)

# জাতীয় সম্প্রচার নীতিমালা -২০১৩-এর ওপর মন্তব্য

১.২ উদ্দেশ্য ও লক্ষ্যঃ

১.২.৯ সরকারী-বেসরকারী সম্প্রচার গণ-মাধ্যমের মধ্যে সচ্চতা, জবাবদিহীতা ও দায়িত্বশীলতা গড়ে তোলা।

১.২.১০ সরকারী-বেসরকারী পরিচালনায় গণ-মাধ্যমের মধ্যে স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি ও সাধারণ আইন, যেমন, জমি-জমা, নারী ও শিশু সর্ম্পার্কিত আইন, পরিবেশ ও প্রতিবেশ সম্পর্কিত প্রচারণা, জাতীয় মুল্যবোধকে সমুস্বত রেখে মৌলিক অধিকার সর্ম্পকে সর্বসাধারণের মধ্যে তথ্যের অবাধ প্রাপ্তি নিশ্চিত করা।

১.২.১১ সরকারী -বেসরকারী সম্প্রচার/গণ মাধ্যমের সাহায্যে জাতীয় ও আর্ন্তজাতিকভাবে উদ্ভাবিত উন্নয়নমুলক ও কর্মসংস্থান বিষয়ক সুযোগ-সুবিধাগুলোতে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করনের লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি করা।

১.৩ প্রধান দিকসমুহঃ

সামাজিক অশ্লীলতা অথবা নির্যাতন প্রচারের ক্ষেত্রে ব্যাক্তি বা গোষ্ঠীর সামাজিক মর্যাদা যাতে ক্ষুন্ন না হয় সেদিকে লক্ষ্য রাখা।

১.৪ কৌশলসমুহঃ

১.৪.৬ এ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দেশের জাতীয়, ধর্ম, শ্রেণী, পেশা, নির্বিশেষে সকল নৃগোষ্ঠীর দোরগোড়ায় গিয়ে মতামত ও পরামর্শ গ্রহণ।

১.৪.৩ সংযোজনঃ ইতিবাচক প্রতিযোগিতামুলক পরিবেশ সৃষ্টি।

১.৪. সংযোজনঃ বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মুল্যায়নের জন্য

২.১ লাইসেন্স প্রদানঃ

২.১.৭ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে পেশাগত ব্যক্তি বাছাই সাপেক্ষে লাইসেন্স প্রদানের প্রথম শর্ত হওয়া উচিত।

২.১.৬ সংযোজনঃ এ প্রস্তাব নীতিমালা প্রণয়নে দীর্ঘসূত্রিতা সৃষ্টি করবে, এ ক্ষেত্রে সময় সীমা বেধে দেয়া উচিত।

## তৃতীয় অধ্যায়

**৩.১ মহান মুক্তিযুদ্ধ এবং ইতিহাসঃ**

৩.১.৪ অনুষ্ঠান সম্প্রচারের ক্ষেত্রে দল-মতের উর্ধে উঠে জাতীয় ঐক্য ও স্বার্থ বিবেচনায় অনুষ্ঠানসুচী প্রণয়ন ও সম্প্রচার করতে হবে।

৩.১.৫ অনুষ্ঠান সম্প্রচারের ক্ষেত্রে স্বাধীনতা সংগ্রামের সর্বজন স্বীকৃত ইতিহাস সমুন্নত রেখে অনুষ্ঠান সম্প্রচার করা

৩.১.৬ অনুষ্ঠানের মাধ্যমে কাউকে গৌরবান্বিত করার জন্য কাউকে হেয় না করার চেষ্টা করা।

৩.২ সংবাদ ও তথ্যমুলক অনুষ্ঠানঃ

৩.২.৩ সংযোজনঃ সময় সময় সরকারি সুযোগ-সুবিধা সম্পর্কিত ঘোষণা প্রদান বাধ্যতা মুলক করা।

৩.২.৩ সংবাদ প্রচারের ক্ষেত্রে তথ্য যাচাই-বাচাই করেই কেবল তা প্রচার করতে হবে। এ-ক্ষেত্রে তথ্যের নির্ভুলতা প্রমানের দায়িত্ব তথ্য প্রচারকারীকে বহন করতে হবে।

৩.৩ ভাষা, সংস্কৃতি এবং ধর্মীয় অনুভূতিঃ

৩.৩.৭ অনুষ্ঠান তৈরী ও সম্প্রচারের ক্ষেত্রে বিভিন্ন জনগোষ্ঠীর ভাষা, সংস্কৃতি, মুল্যবোধ ও ধর্মীয় অনুভূতির প্রতি লক্ষ্য রাখা উচিত এবং ক্ষুদ্র নৃগোষ্ঠীর নিজস্ব ভাষা, সংস্কৃতি, মুল্যবোধ ও কৃষ্টি ইত্যাদি সম্প্রচারের জন্য কম্যুনিটিভিত্তিক সম্প্রচারের সমান সুযোগ থাকা বাঞ্চনীয়।

**৩.৪ উন্নয়নমুলক কর্মকান্ডঃ**

৩.৪.৮ কৃষি, শিক্ষা, শিল্প, ক্রীড়া ও সংস্কৃতি তথা আর্থ-সামাজিক ক্ষেত্রে নতুন উদ্ভাবিত উন্নয়নমুলক কর্মকান্ড যথাযতভাবে সম্প্রচার করে জনগণকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৩.৪.৯ বিভিন্ন পেশার জনগোষ্ঠীর কর্মকান্ডকে ইতিবাচক দৃষ্টিভংগি নিয়ে সম্প্রচার এবং পেশাভিত্তিক জনগোষ্ঠীর পেশা পরিবর্তনে উদ্বুদ্ধকরণ কর্মসুচী সম্প্রচার করা।

৩.৫ বিনোদনমুলক অনুষ্ঠানঃ

৩.৫.৩ 'পরিহাস' শব্দ বর্জন করতে হবে।

৩.৫.৪ বাক্য গঠনটি ঠিক করতে হবে।

৩.৫.৫ কোন বিনোদনমুলক অনুষ্ঠান তৈরী ও সম্প্রচার করার ক্ষেত্রে জাতীয়, ধর্মীয়, সাংস্কৃতিক, নৈতিক মুল্যবোধ ও জনগণের সামাজিক অবস্থার যাতে স্খলন না ঘটে সেদিকে খেয়াল রাখা।

**৩.৬ শিক্ষামুলক অনুষ্ঠানঃ**

৩.৬.৪ নারী ও শিশু শিক্ষা বিষয়ক অনুষ্ঠান তৈরী ও সম্প্রচারের ক্ষেত্রে অগ্রাধিকার প্রণয়ন।

৩.৬.৫ কারিগরী ও সাধারণ শিক্ষার ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে উদ্ভাবিত কৌশলাদি ও শিক্ষা কর্মসুচী ও পদ্ধতি বিষয়ক অনুষ্ঠান প্রত্যেক গণমাধ্যমে নিয়মিত সম্প্রচার করা।

৩.৭ বিবিধঃ

৩.৭.১ সংযোজনঃ Charter of duties ও সম্পাদকীয় নীতিমালা সময় সময় যুগোপযোগী করতে হবে।

৩.৭.২ সংযোজনঃ সংশোধন,সংযোজন, বিয়োজন, পরিবর্তন ও পরিমার্জন করা।

৪.১ রাজনৈতিক,ধর্মীয় বক্তব্য ও বিজ্ঞাপনঃ

৪.১.৫ বিজ্ঞাপন তৈরী ও সম্প্রচারের ক্ষেত্রে ক্ষুদ্র নৃগোষ্ঠীর ধর্ম, বিশ্বাস, মুল্যবোধ ও সামাজিক মর্যদা যাতে ক্ষুন্ন না হয় সেদিকে খেয়াল রাখা।

৪.১.৬ মাত্রাতিরিক্ত বিজ্ঞাপন প্রচার করে অনুষ্ঠানের মান নষ্ট করা যাবে না বা মোট সম্প্রচারের ১০% বেশি সময় বিজ্ঞাপন প্রচার করা যাবে না।

৪.২ পণ্য, পণ্যের মান এবং ভোক্তা অধিকার সংরক্ষণঃ

৪.২.১ এমন সব পণ্যের বিজ্ঞাপন প্রচার করা যাবে না, যে সব পণ্য সম্পর্কে মোড়কে পর্যাপ্ত তথ্য প্রদান করা হয় নি যেমন; পণ্যমান, উৎপাদান, উৎপাদন তারিখ, মেয়াদ, গুণাবলী ও পার্শ্ব-প্রতিক্রিয়া ইত্যাদি।

৪.৩ বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ, ভাষা এবং সংস্কৃতিঃ

৪.৩.৬ দেশের ইতিহাস, ঐতিহ্য, ভাষা, সংস্কৃতি, নৈতিক ও ধর্মীয় মুল্যবোধ পরিপন্থী কোনো বিষয় বিজ্ঞাপনচিত্রে প্রদর্শন করা যাবে না।

৪.৪ শিশু ও নারী অধিকারঃ

৪.৪ শিশু ও নারী অধিকার এবং সামাজিক মর্যাদাকে ক্ষুন্ন করে এমন বিজ্ঞাপন প্রদর্শন করা যাবে না, এ ক্ষেত্রে শালীনতার সাথে উপস্থাপন করতে হবে।

৪.৪ বিজ্ঞাপন চিত্রে শিশুদের শ্রম, অস্ত্র ব্যবসা, মাদক ব্যবসা, চোরাচালান, বিস্ফোরক দ্রব্য ইত্যাদি প্রদর্শন করা যাবে না।

৪.৪.৯ প্রতিবন্ধি কথা যুক্ত করতে হবে।

৪.৫ বিবিধঃ

৪.৫.৭ আইন দ্বারা অনুমোদিত নয় এমন কিছু

৬.১ সম্প্রচার কমিশনঃ

সম্প্রচার কমিশনে রাজতৈক সংশ্লিষ্ট ব্যক্তি না থাকাই উত্তম।

-বিজ্ঞাপনের ক্ষেত্রে সম্প্রচার কমিশনের পুর্বানুমোতি সাপেক্ষে অনুষ্ঠান সম্প্রচার করা প্রয়োজন।

**৬.৩. অভিযোগ ও নিষ্পত্তিঃ**

৬.৩.২ সংযোজনঃ নির্দিষ্ট সময়ের মধ্যে মামলার তদন্ত ও শুনানী করে নিষ্পত্তির ব্যবস্থা করা।

৬.৩.৪ সম্প্রচার নীতিমালা ভঙ্গকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের জন্য সুনির্দিষ্ট দন্ডবিধি যেমন লাইসেন্স বাতিল ইত্যাদির ব্যবস্থা থাকা বাঞ্চনীয় যদিও এটি নীতিমালার অংশ নয়।